মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-২৭১/ক/ স্বী/৮৯(অংশ-১)/ ১৫৯১ তারিখ : ২৫/৮/১৭

বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলায় অবস্থিত 'শাহাবুদ্দীন ডিগ্রী কলেজ' এর অস্থায়ী স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০১৬ তারিখ হতে ৩০/০৬/২০১৯ তারিখ পর্যন্ত মোট ০৩(তিন) বছরের জন্য বৃদ্ধি করেছেন।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান শাখা

বিষয়সমূহ :

আবশ্যিক :
১। বাংলা
২। ইংরেজী
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :
১। পৌরনীতি ও সুশাসন
২। অর্থনীতি
৩। ইসলাম শিক্ষা
৪। সমাজ বিজ্ঞান
৫। ইতিহাস

ব্যবসায় শিক্ষা :
১। হিসাব বিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। পরিসংখ্যান

বিজ্ঞান শাখা :
১। পদার্থ বিজ্ঞান
২। রসায়ন বিজ্ঞান
৩। জীব বিজ্ঞান
৪। উচ্চতর গণিত

শর্তসমূহ :

১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।

২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।

৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি ''নির্দেশিকা'' অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৫। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।

৬। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নীত করতে হবে।

৭। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট

(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট

(গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকুলে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ
শাহাবুদ্দীন ডিগ্রী কলেজ, (EIIN-111517)
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

মেমো নং- ২৫১১ তারিখ : ২৫/১০/১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। অফিস কপি

২৫/১০/২০১৭
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।